




স্মারক নং - একা: ১৬/২১৩/

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ১৮ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৬১.১২ তম সভায় অনিয়মিত শিক্ষার্থীদের অসমাপ্ত কোর্স সম্পন্ন করার বিষয়ে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (১) নিয়মানুযায়ী ১২ সেমিস্টার সম্পন্ন করতে ২০১৩-২০১৪ সেশনের শিক্ষার্থীরা আরও ২ (দুই) সেমিস্টার এবং ২০১৪-২০১৫ সেশনের শিক্ষার্থীরা আরও ৩(তিন) সেমিস্টার পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে
- (২) কোন বিশেষ কারণে ২০১৩-২০১৪ সেশনের আগের সেশনগুলির মধ্যে ৪/২ সেমিস্টারে ভর্তি আছে এমন আবেদনকারীকে বর্তমান সেমিস্টারে সর্বোচ্চ ২(দুই) টি কোর্স পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া যেতে পারে। ২(দুই) টি কোর্সের বেশী অসম্পন্ন থাকলে তাদের জন্য এ সুযোগ প্রযোজ্য হবে না।
- (৩) মাস্টার্সে ভর্তি আছে এমন আবেদনকারীদের মধ্যে যাদের ৪(চার) সেমিস্টার সম্পন্ন হয়েছে তাদের আরও একটি সেমিস্টারে (বর্তমান সেমিস্টার) সর্বোচ্চ ২(দুই) টি কোর্স পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া যেতে পারে। ২(দুই) টি কোর্সের বেশী অসম্পন্ন থাকলে তাদের জন্য এ সুযোগ প্রযোজ্য হবে না।
- (৪) আর্কিটেকচার বিভাগের আবেদনকারী শিক্ষার্থীরা অন্যান্য বিভাগের সাথে সামঞ্জস্য রেখে নিয়মানুযায়ী সুযোগ পাবে।
- (৫) যে সকল শিক্ষার্থীরা একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত ১৫২.১৬ এবং সিদ্ধান্ত নং ১৫৫.২২ অনুযায়ী সুযোগ গ্রহণ করেছে তারা এই নীতিমালার সুযোগ গ্রহণ করতে পারবে না।
- (৬) এই নীতিমালা শুধুমাত্র এ বছরের আবেদনকারী শিক্ষার্থীদের জন্য কার্যকর হবে।
- (৭) পূর্বের অনিয়মিত/ অসমাপ্ত/ বিশেষ সেমিস্টার সংক্রান্ত সকল নীতিমালা এখন থেকে অকার্যকর বলে গণ্য হবে।"

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


রেজিস্ট্রার

স্মারক নং: একা ১৬/২১৩/ ৪/ ২০২০

তারিখ: ০৪ নভেম্বর ২০২০

বিতরণ:

- ০১। বিভাগীয় প্রধান, রসায়ন, পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, জিওগ্রাফি এন্ড নভায়রনমেন্ট, ওশেনোগ্রাফি, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, নৃবিজ্ঞান, ইংরেজি, পলিটিক্যাল স্টাডিজ, লোক প্রশাসন, সমাজকর্ম, বাংলা, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ, শাবিপ্রবি, সিলেট।
- ০২। পরিচালক, আইআইসিটি, শাবিপ্রবি, সিলেট।
- ০৩। পরিচালক, কম্পিউটার ও তথ্য কেন্দ্র, শাবিপ্রবি। (সংশ্লিষ্ট বিষয়টি বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে)
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, শাবিপ্রবি, সিলেট।

অনুলিপি:

- ০১। ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি।
- ০২। নথি।

উপ রেজিস্ট্রার